গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

[কাস্টমস ও মূল্য সংযোজন কর]

প্রজ্ঞাপন

তারিখ: ১৬ আষাঢ়, ১৪৩৩ বঙ্গাব্দ/ ৩০ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ

এস.আর.ও. নং ২৪০-আইন/২০২৬/৭০/কাস্টমস।— সরকার, কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ২৫ এর উপ-ধারা (১) এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, জনস্বার্থে, এলইডি ল্যাম্প এবং এনার্জি সেভিং ল্যাম্প স্থানীয়ভাবে উৎপাদনের লক্ষ্যে নিম্নবর্ণিত-

(১) এলইডি ল্যাম্প উৎপাদনকারী কর্তৃক-

(ক) TABLE-1 এর কলাম (1) এ বর্ণিত Heading এর বিপরীতে কলাম (2) এ উল্লিখিত H.S. Code এর বিপরীতে কলাম (3) এ বর্ণিত পণ্যসমূহ আমদানির ক্ষেত্রে উক্ত আইনের প্রথম তফসিলে উল্লিখিত কাস্টমস শুল্ক (Customs Duty) যে পরিমাণে ৫% (পাঁচ শতাংশ) এর অতিরিক্ত হয়;

(খ) TABLE-2 এর কলাম (1) এ বর্ণিত Heading এর বিপরীতে কলাম (2) এ উল্লিখিত H.S. Code এর বিপরীতে কলাম (3) এ বর্ণিত পণ্যসমূহ আমদানির ক্ষেত্রে উক্ত আইনের প্রথম তফসিলে উল্লিখিত কাস্টমস শুল্ক (Customs Duty) যে পরিমাণে ১০% (দশ শতাংশ) এর অতিরিক্ত হয়;

(২) এনার্জি সেভিং ল্যাম্প উৎপাদনকারী কর্তৃক-

(ক) TABLE-3 এর কলাম (1) এ বর্ণিত Heading এর বিপরীতে কলাম (2) এ উল্লেখিত H.S. Code এর বিপরীতে কলাম (3) এ বর্ণিত পণ্যসমূহ আমদানির ক্ষেত্রে উক্ত আইনের প্রথম তফসিলে উল্লিখিত কাস্টমস শুল্ক (Customs Duty) যে পরিমাণে ৫% (পাঁচ শতাংশ) এর অতিরিক্ত হয়; এবং

(খ) TABLE-4 এর কলাম (1) এ বর্ণিত Heading এর বিপরীতে কলাম (2) এ উল্লিখিত H.S. Code এর বিপরীতে কলাম (3) এ বর্ণিত পণ্যসমূহ আমদানির ক্ষেত্রে উক্ত আইনের প্রথম তফসিলে উল্লিখিত কাস্টমস শুল্ক (Customs Duty) যে পরিমাণে ১০% (দশ শতাংশ) এর অতিরিক্ত হয়,-

Downloaded from www.taxvatpoint.com

সেই পরিমাণ এবং সমুদয় মূল্য সংযোজন কর হইতে, নিম্নবর্ণিত শর্তাবলি সাপেক্ষে, অব্যাহতি প্রদান করিল, যথা:-

Table-1

Heading	H. S. Code	Description
(1)	(2)	(3)
39.03	3903.30.00	Acrylonitrile-butadiene-styrene (ABS) copolymers
39.07	3907.40.00	Polycarbonates
	3907.40.00	PBT
	3907.99.00	Other polyester
76.01	7601.20.00	Alluminium alloys

Table-2

Heading	H. S. Code	Description
(1)	(2)	(3)
76.06	7606.11.00	Non-alloyed aluminium rectangular (including square) plates, sheets and strips
	7606.92.00	Other Aluminium alloy plate, sheet and strips
85.39	8539.90.30	LED CHIPS
	8539.90.30	LED Driver
	8539.90.30	Metal CAP B22/E27
	8539.90.30	PCB

Table-3

Heading	H. S. Code	Description
(1)	(2)	(3)
85.34	8534.00.00	Printed Circuits
85.41	8541.10.00	Control Transistor NPN and PNP
	8541.10.00	Crystal Diode
	8541.10.00	Doide
	8541.10.00	MOSFET Transistor
	8541.10.00	Power Transistor NPN
	8541.10.00	Surface Mount Device (SMD) Diode
	8541.10.00	Thyristor
	8541.10.00	Zender Diode
	8541.30.00	Diac/Bi Directional Switching Diode

Downloaded from www.taxvatpoint.com

Table-4

Heading	H. S. Code	Description
(1)	(2)	(3)
85.04	8504.90.20	Electro Magnetic Coil
	8504.90.20	Inverter coil
	8504.90.90	Coil Bobbin
	8504.90.90	E Core (Ferrite Core)
	8504.90.90	O Core (Ferrite Core)
	8504.90.90	Torrodial Coil
85.32	All H. S. Code	Surface Mount Device (SMD) Capacitor
		Electrolytic Capacitor
		Ceramic Capacitor
		Metallized Polypropylene (X2) Capacitor
		Mylar Capacitor
85.33	8533.10.00	Resistor
	8533.10.00	Surface Mount Device (SMD) Resistor
	8533.39.00	Metal Oxide Varister (MOV) Resistor
	8533.39.00	Negative Temperature Coefficient (NTC) Resistor
	8533.39.00	Positive Temperature Coefficient (PTC) Resistor
85.36	8536.10.00	Fuse
	8536.30.90	Small Relay, 12V 5A
	8536.90.90	Small Connector
85.42	8542.31.90	Power Factor Connector (PFC) Integrated Circuit (IC)
	8542.31.90	Special Integrated Circuit (IC) 2520
85.44	8544.11.00	Power Line I

Downloaded from www.taxvatpoint.com

Downloaded from www.taxvatpoint.com

শর্তাবলি

(১) সংশ্লিষ্ট আমদানিকারককে Industrial IRC holder VAT compliant এলইডি ল্যাম্প ও এনার্জি সেভিং ল্যাম্প উৎপাদনকারী শিল্প প্রতিষ্ঠান হইতে হইবে।

ব্যাখ্যা-

(ক) "Industrial IRC holder" অর্থ এইরূপ প্রতিষ্ঠান যাহার নিকট আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর হইতে ইস্যুকৃত হালনাগাদ শিল্প ভোক্তা (Industrial Consumer) আইআরসি রহিয়াছে;

(খ) "VAT compliant" অর্থ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) ও মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর অধীন নিবন্ধিত এবং নিয়মিত দাখিলপত্র (রিটার্ন) দাখিল করে এইরূপ উৎপাদনকারী প্রতিষ্ঠান;

(গ) "এলইডি ল্যাম্প উৎপাদনকারী প্রতিষ্ঠান" অর্থ মূল্য সংযোজন কর নিবন্ধিত উৎপাদনকারী প্রতিষ্ঠান যাহারা স্থানীয়ভাবে সংগৃহীত বা আমদানিকৃত কাঁচামাল দ্বারা এলইডি ল্যাম্প এর নিম্নবর্ণিত ৩ (তিন) টি উপাদান (Components) উৎপাদন করে; যথা:-

(১) LED DIFFUSER (COVER)

(২) LED HOUSING (Base)

(৩) Aluminium CUP।

(২) এই প্রজ্ঞাপনের আওতায় পণ্য আমদানি ও খালাসের লক্ষ্যে প্রতিষ্ঠানটির হালনাগাদ নবায়নকৃত শিল্প ভোক্তা আইআরসি রহিয়াছে এবং ১৩ ডিজিট সংবলিত মূল্য সংযোজন কর (মূসক) নিবন্ধিত প্রতিষ্ঠানটি বিবেচ্য পণ্য ঘোষণা দাখিলের অব্যবহিত পূর্ববর্তী মাসের অথবা প্রযোজ্য ক্ষেত্রে প্রয়োজনীয় সংখ্যক মূসক দাখিলপত্র (রিটার্ন) দাখিল করিয়াছে মর্মে কাস্টমস কম্পিউটার সিস্টেমে বা ভ্যাট অনলাইন সিস্টেমে বা জাতীয় রাজস্ব বোর্ড বা ভ্যাট কমিশনারেট এর ওয়েবসাইটে ইলেকট্রনিক তথ্য প্রদর্শিত থাকিতে হইবে:

তবে শর্ত থাকে যে, কোনো দৈব-দুর্বিপাক বা কোনো যৌক্তিক কারণে ইলেকট্রনিক তথ্য পাওয়া সম্ভব না হইলে সংশ্লিষ্ট কমিশনার অব কাস্টমস প্রতি ক্ষেত্রে কারণ লিপিবদ্ধ করিয়া শুল্কায়নের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করিতে পারিবে।

(৩) এলইডি ল্যাম্প ও এনার্জি সেভিং ল্যাম্প প্রস্তুতকারী শিল্প প্রতিষ্ঠান কর্তৃক কারখানা স্থাপনের পর এই প্রজ্ঞাপনের অধীন রেয়াতি সুবিধায় কাঁচামাল বা যন্ত্রাংশ আমদানির অনুমোদনের জন্য জাতীয় রাজস্ব বোর্ডের সদস্য (কাস্টমস: নীতি ও আইসিটি) বরাবর আবেদন করিতে হইবে এবং উক্ত আবেদন

Downloaded from www.taxvatpoint.com

বিবেচনার ক্ষেত্রে সংশ্লিষ্ট ভ্যাট কমিশনারেটের অতিরিক্ত/যুগ্ম কমিশনার, সংশ্লিষ্ট ভ্যাট বিভাগীয় কর্মকর্তা, শিল্প মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি এবং যে কোনো পাবলিক প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগ) একজন শিক্ষক প্রতিনিধির সমন্বয়ে গঠিত কমিটি আবেদিত প্রতিষ্ঠান সরেজমিন পরিদর্শন ও যাচাইপূর্বক জাতীয় রাজস্ব বোর্ডের সদস্য (কাস্টমস: নীতি ও আইসিটি) বরাবর একটি প্রতিবেদন দাখিল করিবেন; উক্ত প্রতিবেদন অনুযায়ী প্রতিষ্ঠানের শিল্প স্থাপন সংক্রান্ত কার্যক্রম সন্তোষজনক বিবেচিত হইলে আবেদনকারী প্রতিষ্ঠানকে এই প্রজ্ঞাপনের অধীন রেয়াতি হারে পণ্য আমদানির অনুমোদন প্রদান করা হইবে এবং উক্ত অনুমোদনপত্রের ফটোকপি প্রতিটি পণ্যচালান শুল্কায়নের সময় পণ্য ঘোষণার সহিত দাখিল করিতে হইবে;

(৪) এলইডি ল্যাম্প ও এনার্জি সেভিং ল্যাম্প উৎপাদনকারী কর্তৃক প্রতি একক এলইডি ল্যাম্প ও এনার্জি সেভিং ল্যাম্প এর যন্ত্র বা যন্ত্রাংশ উৎপাদনের জন্য সম্ভাব্য বা যৌক্তিক অপচয়সহ কী কী উপকরণ কী পরিমাণে আবশ্যক (উপকরণ-উৎপাদ সহগ) সে সম্পর্কিত তথ্য **পরিশিষ্ট** অনুযায়ী ৩ (তিন) কপি পণ্য আমদানির পূর্বে সংশ্লিষ্ট কমিশনারেট এর কমিশনার বরাবর দাখিল করিতে হইবে এবং কমিশনার উক্ত উপকরণ-উৎপাদ সহগ অনুমোদনপূর্বক প্রতিস্বাক্ষর করিবেন এবং একটি কপি অফিসের রেকর্ড হিসাবে সংরক্ষণ করিবেন, দ্বিতীয় কপি জাতীয় রাজস্ব বোর্ডের সদস্য (কাস্টমস: নীতি ও আইসিটি) বরাবরে প্রেরণ করিবেন এবং অপর কপি প্রতিষ্ঠান কর্তৃপক্ষকে ফেরত দিবেন। সংশ্লিষ্ট ভ্যাট সার্কেলের রাজস্ব কর্মকর্তা কর্তৃক **পরিশিষ্ট** এর সত্যায়িত ফটোকপি প্রতিটি পণ্যচালান শুল্কায়নের সময় পণ্য ঘোষণার সহিত দাখিল করিতে হইবে।

(৫) (ক) আমদানি ও শুল্কায়ন সংক্রান্ত অন্যান্য বিষয়সহ দফা (১), (২), (৩) ও (৪) এর শর্ত পরিপালন করা হইয়াছে কিনা তাহা সংশ্লিষ্ট শুল্কায়নকারী কর্মকর্তা কর্তৃক যাচাই করিয়া নিশ্চিত হইতে হইবে এবং শুল্কায়ন তত্ত্বাবধানকারী সংশ্লিষ্ট ডেপুটি কমিশনার বা সহকারী কমিশনার পর্যায়ে শুল্কায়ন অনুমোদন করাইতে হইবে;

(খ) শুল্কায়ন তত্ত্বাবধানকারী সংশ্লিষ্ট ডেপুটি কমিশনার বা সহকারী কমিশনার শুল্কায়নে বিলম্ব পরিহারের লক্ষ্যে কাস্টমস কম্পিউটার সিস্টেমে বা ভ্যাট অনলাইন সিস্টেম বা জাতীয় রাজস্ব বোর্ড এর ওয়েবসাইট বা ভ্যাট কমিশনারেট এর ওয়েবসাইট হইতে মূসক নিবন্ধন সনদের (BIN) সঠিকতা যাচাই করিবেন।

(৬) এই প্রজ্ঞাপনের উদ্দেশ্য পূরণকল্পে, কোনো উৎপাদনকারীকে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ৫১, ৫৩, ৫৪, ৬৪ ও ১০৭ এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধি ৪০ এ উল্লিখিত মূল্য সংযোজন কর সংক্রান্ত হিসাবরক্ষণসহ কর চালানপত্র ও দাখিলপত্রের যাবতীয় আনুষ্ঠানিকতা পরিপালন করিতে হইবে।

Downloaded from www.taxvatpoint.com

(৭) অব্যাহতি সুবিধা প্রাপ্ত কোনো প্রতিষ্ঠান এই প্রজ্ঞাপনে বর্ণিত শর্তাবলি যথাযথভাবে পরিপালন করিতেছে কী না উহা যাচাইয়ের জন্য সংশ্লিষ্ট মূল্য সংযোজন কর কমিশনার যেকোনো সময় প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করিতে পারিবে।

(৮) উপরিউক্ত যেকোনো শর্ত পরিপালনে ব্যর্থ হলে বোর্ড, অব্যাহতি সুবিধা তাৎক্ষণিকভাবে বাতিল করিতে পারিবে এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বিরুদ্ধে কাস্টমস আইন, ২০২৩ এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর বিধান অনুযায়ী আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাইবে।

২। এই প্রজ্ঞাপন ১ জুলাই, ২০২৬ খ্রিষ্টাব্দ তারিখে কার্যকর হইবে এবং ইহা ৩০ জুন, ২০৩০ খ্রিষ্টাব্দ পর্যন্ত বলবৎ থাকিবে।

পরিশিষ্ট
[শর্ত (৪) দ্রষ্টব্য]
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

এলইডি ল্যাম্প ও এনার্জি সেভিং ল্যাম্প তৈরির উপকরণ/কাঁচামাল সম্পর্কিত ঘোষণা:

১। প্রতিষ্ঠানের নাম:
২। ঠিকানা:
৩। মূসক নিবন্ধন নম্বর:

ক্রঃ নং	পণ্যের নাম ও H.S. Code	একক	পণ্য উৎপাদনে ব্যবহার্য কাঁচামাল বা উপকরণ এর নাম (H.S. Code সহ)	অপচয়সহ প্রতি একক পণ্য উৎপাদনে প্রয়োজনীয় কাঁচামাল বা উপকরণের প্রতিটির পরিমাণ (কেজি)	অপচয় ব্যতীত প্রতি একক পণ্য উৎপাদনে প্রয়োজনীয় কাঁচামাল বা উপকরণের প্রতিটির পরিমাণ (কেজি)	অপচয়ের শতকরা হার
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)

সংশ্লিষ্ট ভ্যাট কমিশনারের প্রতিস্বাক্ষর

প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান
নির্বাহী কর্মকর্তা/স্বত্বাধিকারীর
নাম, স্বাক্ষর ও তারিখ

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-
মোঃ আবদুর রহমান খান এফসিএমএ
সচিব।

Downloaded from www.taxvatpoint.com